অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজায় 24তম বার্ষিক সাইবারসিকিউরিটি কনফারেন্স ঘোষণা করলেন

স্টেটের প্রিমিয়ার সাইবারসিকিউরিটি ইভেন্ট শুরু হবে আজকে 7 জুন তারিখে, 1,000 এর বেশি সাইবারসিকিউরিটি পেশাদারকে শিল্পের কৌশল, ট্রেন্ড এবং উদ্ভাবন নিয়ে আলোচনা করতে ক্যাপিটাল অঞ্চলে আকৃষ্ট করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 24তম বার্ষিক সাইবারসিকিউরিটি কনফারেন্স (24th annual Cybersecurity Conference), যা নিউ ইয়র্কের প্রিমিয়ার সাইবারসিকিউরিটি ইভেন্ট, আজকে, 7 জুন তারিখে অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজায় (Empire State Plaza) শুরু হবে। ইভেন্টটি কালকে, 8 জুন পর্যন্ত চলবে এবং এটি স্টেট এবং স্থানীয় সরকার, একাডেমিয়া এবং বেসরকারি খাত থেকে 1,000 এর বেশি সাইবারসিকিউরিটি পেশাদারকে শিল্পের উদীয়মান বিকাশ এবং নিউ ইয়র্কের নিরাপত্তা বৃদ্ধি করার জন্য সেরা অনুশীলন নকশা করার ব্যাপারে আলোচনা করার জন্য একত্রিত করবে।

"একটি বলিষ্ঠ সাইবারসিকিউরিটি অবকাঠামো বজায় রাখা নিউ ইয়র্কবাসীকে এবং আমাদের স্টেটের ব্যবসা ও প্রতিষ্ঠানকে সুরক্ষিত রক্ষার জন্য অতিশয় গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "বার্ষিক সাইবারসিকিউরিটি কনফারেন্সটি উজ্জ্বলতম মেধাগুলিকে একত্রিত করে যুগান্তকারী উদ্ভাবন এবং নভেল কৌশল নিয়ে কাজ করার জন্য যাতে করে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা যায়, এবং আমি আমাদের স্টেটের সাইবারসিকিউরিটি অবকাঠামোতে নতুন বিনিয়োগের সুযোগ উত্থিত হতে দেখতে উন্মুখ।"

কনফারেন্সটি নিউ ইয়র্কবাসীকে এবং ব্যবসাসমূহকে সাইবার ঝুঁকি থেকে রক্ষা করার এবং স্টেটের সার্বিক নিরাপত্তা ও সুরক্ষা উন্নত করার গভর্নরের দীর্ঘদিনের অঙ্গীকারের সাথে মিলে যায়।

এই বছরের শুরুর দিকে, গভর্নর ঘোষণা করেছিলেন যে ব্রুকলিনে একটি যৌথ নিরাপত্তা পরিচালনা কেন্দ্র (Joint Security Operations Center) গঠন করা হবে, যা যৌথ স্থানীয়, স্টেট এবং ফেডারেল সাইবার প্রচেষ্টার নার্ভ সেন্টার হিসেবে কাজ করবে, যার মধ্যে থাকবে ডেটা সংগ্রহ, সাড়াদানের প্রচেষ্টা এবং তথ্য আদানপ্রদান।

নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি সেবার (New York State Information Technology Services, ITS) প্রধান তথ্য কর্মকর্তা এঞ্জেলো 'টনি' রিডিক বলেন, "আমরা সাইবারসিকিউরিটির গুরুত্ব বুঝি এবং নিউ ইয়র্কে সাইবার ঝুঁকির বিরুদ্ধে লড়াই করতে আমাদের পক্ষে সম্ভব এমন সবকিছু করতে থাকবো। বার্ষিক NYS সাইবারসিকিউরিটি কনফারেন্সটি এই ক্ষেত্রে হাজার হাজার বিশেষজ্ঞ ও পেশাদারকে অ্যালবানি এলাকায় একত্রিত করে পুরো স্টেটের নিরাপত্তা উন্নত করার সেরা অনুশীলন আলোচনা করার জন্য। সেরা এবং উজ্জ্বলতম ব্যক্তিগণকে একত্রিত করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কের সকল অধিবাসীর ব্যক্তিগত তথ্য সুরক্ষিত এবং নিরাপদ রাখা নিশ্চিত করার জন্য উদ্ভাবনী সমাধানগুলি প্রতিপালন করছি।"

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (State Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আমাদের স্টেট দ্রুত বর্ধিষ্ণু সাইবার সিকিউরিটির ঝুঁকির সম্মুখীন হচ্ছে যার জন্য আমাদের সকল খাতজুড়ে আরো ভালো সহযোগিতামূলক কাজ দরকার। কনফারেন্সটি স্টেটজুড়ে আমাদের অংশীদারদেরকে সমন্বয় করা এবং নিউ ইয়র্কবাসীকে বর্ধিষ্ণু সাইবার ঝুঁকি থেকে রক্ষা করতে অত্যাবশ্যকীয় তথ্য আদান প্রদান করার একটি সুযোগ দান করে।"

নিউ ইয়র্ক স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "যেহেতু আমাদের তথ্য প্রযুক্তিতে আক্রমণ আরো ঘনঘন হচ্ছে, তাই আমাদেরকে এই অবকাঠামো সুরক্ষায় আরো সক্রিয় হতে হবে। কনফারেন্সটি বিশেষজ্ঞদের একত্রিত করে উদীয়মান ঝুঁকির ব্যাপারে আলোচনা করতে এবং কীভাবে আমাদের নাগরিক, ব্যবসা ও সরকারি প্রতিষ্ঠানকে রক্ষা করতে হয় সেব্যাপারে কৌশল স্থির করার জন্য। একত্রে কাজ করে, আমরা ভবিষ্যতের সাইবার সম্পর্কিত অপরাধ প্রতিরোধ করতে পারবো।"

নিউ ইয়র্ক স্টেট তথ্য প্রযুক্তি সেবা, অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany, UAlbany) বিজনেস স্কুল (School of Business) এবং নিউ ইয়র্ক স্টেট ফোরাম ইনকর্পোরেশনের (New York State Forum, Inc.) সাথে অংশীদারিত্বে বার্ষিক কনফারেন্সটির আয়োজন করছে।

নিউ ইয়র্ক স্টেট ফোরাম ইনকর্পোরেশনের নির্বাহী পরিচালক মারিও মুজোলিনো বলেন, "সকল নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদান করতে, IT পেশাদার ও ব্যবহারকারী সকলের জন্যই সাইবারসিকিউরিটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।ভার্চ্যুয়াল মিটিং এবং হাইব্রিড ওয়ার্কস্পেসের ব্যাপক ব্যবহার আমাদের সম্মুখীন হওয়া সমস্যা বাড়িয়ে দিয়েছে। আমাদের জন্য ঝুঁকির মাত্রা বুঝতে পারা এবং আমরা যে আমাদের মূল্যবান সম্পদ সুরক্ষিত রাখছি তা নিশ্চিত করা অতি গুরুত্বপূর্ণ। আমাদের অভিজ্ঞতার মাত্রা যাই হোক না কেন, কনফারেন্সটি একে অন্যের থেকে শেখার একটি অনন্য সুযোগ।"

অ্যালবানি ইউনিভার্সিটির প্রেসিডেন্ট হাভিদান রদ্রিগেজ বলেন, "সাইবারসিকিউরিটি অ্যালবানি ইউনিভার্সিটির একটি সিগনেচার গবেষণা শক্তি, এবং UAlbany গর্বিত যে এর বিজনেস স্কুলটি NYS সাইবারসিকিউরিটি কনফারেন্স এবং তথ্য নিশ্চয়তার বার্ষিক সিম্পোজিয়ামের (Annual Symposium on Information Assurance) দীর্ঘদিনের সমর্থক। নিউ ইয়র্ক স্টেটের তথ্য প্রযুক্তি সেবা অফিস একটি মূল্যবান অংশীদার, এবং এই ইভেন্টটি একটি

প্রধান উদাহরণ যে কীভাবে একাডেমিয়া এবং সরকার একত্রে কাজ করে আমাদের সাইবার অবকাঠামোকে আরো নিরাপদ ও দৃঢ় করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের নির্বাচন বোর্ডের (New York State Board of Elections) সহ নির্বাহী পরিচালক ক্রিস্টেন জেব্রোস্কি স্ট্যাভিস্কি বলেন, "নিউ ইয়র্ক স্টেটের বার্ষিক সাইবারসিকিউরিটি কনফারেন্স আমাদের এজেন্সিকে উদীয়মান প্রযুক্তি এবং ট্রেন্ডের ব্যাপারে আরো ভালো অন্তর্দৃষ্টি দিয়েছে যাতে করে আমরা স্টেটব্যাপী আমাদের নির্বাচন অবকাঠামো নিরাপদ রেখে যেতে পারি। শিক্ষা এবং সরকারের সকল পর্যায়ে ও একাডেমিয়ার মধ্যে তথ্য আদানপ্রদান সম্ভাব্য সাইবার ঝুঁকি নিয়ে আমাদের সচেতনতা বৃদ্ধি করেছে এবং আমাদেরকে আমাদের ঝুঁকি প্রশমন পরিকল্পনা উন্নত করতে সাহায্য করেছে।"

2023 অর্থবছরের প্রণীত বাজেটে, গভর্নর হোকল সাইবারসিকিউরিটির জন্য 61.9 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন, যা আগের বিনিয়োগের দ্বিগুণ। এই বিনিয়োগগুলি অতি গুরুত্বপূর্ণ সুরক্ষার অর্থায়ন করবে, যার মধ্যে থাকবে স্টেটের সাইবার রেড টিম কর্মসূচির সম্প্রসারণ, যাতে অতিরিক্ত অনধিকার প্রবেশ পরীক্ষা, একটি বিস্তৃত ফিশিং এক্সারসাইজ প্রোগ্রাম, দুর্বলতা স্ক্যানিং এবং অতিরিক্ত সাইবার ঘটনার সাড়াদান সেবা প্রদান করা যায়। এই বিনিয়োগগুলি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে যদি নেটওয়ার্কের একটি অংশে আক্রমণ হয়, তাহলে স্টেট যাতে সেটিকে বিচ্ছিন্ন করে বাকি সিস্টেমকে রক্ষা করতে পারে।

এই বিনিয়োগগুলির একটি অংশ হিসেবে, গভর্নর "শেয়ার্ড সার্ভিস" কর্মসূচির জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করেছেন যা স্থানীয় সরকারগুলি এবং অন্যান্য আঞ্চলিক অংশীদারকে তাদের সাইবার প্রতিরক্ষা জোরদার করতে উচ্চমানের সাইবারসিকিউরিটি সেবা অধিগ্রহণ ও নিযুক্ত করতে সাহায্য করবে। রাজ্যের নেটওয়ার্ক এবং IT প্রোগ্রামগুলির আন্তঃসংযুক্ত প্রকৃতির অর্থ হল আক্রমণগুলি দ্রুত রাজ্য জুড়ে ছড়িয়ে পড়তে পারে। অনেক সরকারী সংস্থার প্রায়শই তাদের সিস্টেমগুলিকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় তহবিল বা সংস্থান থাকে না, তাদের মধ্যে নাম করার মত কিছু হল স্বাস্থ্যসেবা, আইন বলবতকরণ, জরুরী ব্যবস্থাপনা, পানির শোধন এবং বেকারত্ব বীমার মতো গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করে।

24তম বার্ষিক নিউ ইয়র্ক স্টেট সাইবারসিকিউরিটি সম্মেলন সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহপূর্বক কনফারেন্সের ওয়েবসাইট ভিজিট করুন এখানে https://its.ny.gov/2022-nyscsc।

ইভেন্টের বিশেষ বিশেষ অংশের জন্য, আমাদেরকে টুইটারে @NYSITS #nyscyber এ অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418